

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মেহমান নেওয়াযীর আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মেযবান যে খাবার পেশ করে, তাই সম্ভষ্টচিত্তে খাওয়া

মেযবান যে খাবার পেশ করে, তাই সম্ভষ্টচিত্তে খাওয়া উচিত মেহমানের। 'এটা খাই না, ওটা খাই না, এটা আমাদের ছাগলে খায়, এ খাবার আমরা ফেলে দিই --' ইত্যাদি বলে নাক সিঁটকানো অহংকার প্রদর্শনের শামিল। রুচি না হলে, ডাক্তার কর্তৃক নিষিদ্ধ হলে অথবা পছন্দ না হলে এমন কিছু বলে জবাব দেওয়া উচিত, যাতে মেযবানের মনে কষ্ট না হয়। যেমন খাবারে কোন ক্রটি পরিলক্ষিত হলে, মেহমানের উচিত নয়, মেযবানের বদনাম করা।

রাসুল (ﷺ) কখনো খাবারের ত্রুটি বর্ণনা করতেন না। কিছু খেতে ইচ্ছা হলে খেতেন, না হলে তা বর্জন করতেন।[1]

ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৫৪০৯, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০৬৪ প্রমুখ

Source — https://www.hadithbd.com/books/link/?id=8036

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন